# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 02 April, 2025

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের লোহাগাড়া উপজেলার চুনতির জাঙ্গালিয়া এলাকা যেন এক ভয়াবহ 'মৃত্যুফাঁদে' পরিণত হয়েছে।সোমবার ও মঙ্গলবারের মর্মান্তিক দুর্ঘটনার রেশ কাটতে না কাটতেই, বুধবার (২ এপ্রিল) ভোরে একই এলাকায় ঘটেছে আরও এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনা।

কক্সবাজারগামী রিলাক্স পরিবহনের একটি বাসের সাথে চট্টগ্রাম অভিমুখী দুটি হাইয়েস মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে এই ভয়াবহ প্রাণহানি ঘটে।চুনতি জাঙ্গালিয়া রেঞ্জ অফিসের সামনে ঘটা এই দুর্ঘটনায় শেষ খবর পাওয়া পর্যন্ত ৭ জন নিহত হয়েছেন এবং আরও বেশ কয়েকজন আহত হয়েছেন।

এ নিয়ে গত তিন দিনে একই স্থানে ঘটা তিনটি বড় দুর্ঘটনায় মোট ১২ জনের প্রাণ গেল, যা এলাকা জুড়ে তীব্র আতঙ্ক সৃষ্টি করেছে।

লোহাগাড়া ফায়ার সার্ভিসের লিডার রাখাল চন্দ্র রুদ্র জানিয়েছেন, বুধবার ভোরে কক্সবাজারগামী রিলাক্স পরিবহনের সাথে চট্টগ্রাম অভিমুখী দুটি হাইয়েস গাড়ির মুখোমুখি সংঘর্ষ ঘটে।খবর পেয়ে ফায়ার সার্ভিস কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কাজ চালায়।

রাখাল চন্দ্র রুদ্র বলেন, "সংঘর্ষে হাইয়েস গাড়ি দুটি দুমড়ে মুচড়ে যায়।আমরা ঘটনাস্থল থেকে ৭ জনের লাশ উদ্ধার করেছি।নিহতরা সবাই হাইয়েস গাড়ির যাত্রী ছিলেন।"

তিনি আরও জানান, গুরুতর আহত অবস্থায় অন্তত ৬ জনকে উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে পাঠানো হয়েছে।নিহতদের পরিচয় এখনো শনাক্ত করা যায়নি।আহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।পুলিশ দুর্ঘটনার কারণ অনুসন্ধানে কাজ করছে।

এদিকে, এর মাত্র একদিন আগে, অর্থাৎ মঙ্গলবার (১ এপ্রিল) ভোর আনুমানিক ৪টার দিকে একই এলাকার চুনতি জাঙ্গালিয়া মাজার টেক সংলগ্ন স্থানে দুটি পর্যটকবাহী মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে মহাসড়কের পাশে থাকা প্রায় ৩০ ফুট গভীর খাদে পড়ে যায়।ঢাকা ও কুমিল্লা থেকে আসা পর্যটকবাহী ওই দুর্ঘটনায় অন্তত ৯ জন যাত্রী আহত হন।

তারও আগের দিন, সোমবার (৩১ মার্চ) সকাল সোয়া সাতটার দিকে এই জাঙ্গালিয়া এলাকাতেই যাত্রীবাহী বাস ও একটি মিনিবাসের মধ্যে মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছিল।সেই ভয়াবহ দুর্ঘটনায় লোহাগাড়া উপজেলার চারজন এবং পার্শ্ববর্তী সাতকানিয়া উপজেলার একজনসহ মোট পাঁচ তরুণ প্রাণ হারান এবং আরও ৯ জন আহত হয়েছিলেন।

পরপর তিন দিনে একই স্থানে তিনটি ভয়াবহ দুর্ঘটনায় মোট ১২ জনের মর্মান্তিক মৃত্যু এবং বহু মানুষের আহত হওয়ার ঘটনা চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের লোহাগাড়ার চুনতি জাঙ্গালিয়া অংশটিকে অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং 'দুর্ঘটনার হটস্পট' হিসেবে আবারও সামনে এনেছে।ঘন ঘন এই দুর্ঘটনা এই রুটে চলাচলকারী যাত্রী, চালক এবং স্থানীয় বাসিন্দাদের মধ্যে তীব্র উদ্বেগ ও আতঙ্ক সৃষ্টি করেছে।

স্থানীয়রা এই অংশে সড়কের নিরাপত্তা বৃদ্ধি, চালকদের আরও সতর্ক ও দায়িত্বশীল হওয়া এবং কার্যকর ট্রাফিক ব্যবস্থা গ্রহণের উপর জোর দিয়েছেন।

সংঘর্ষ নিহত সড়ক দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:07

URL: https://www.timestodaybd.com/public/chittagong/775807220